

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার নং-০৩

১৮ সেপ্টেম্বর, ২০১৮  
তারিখঃ-----  
০৩ আশ্বিন, ১৪২৫

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা’ প্রসঙ্গে।


প্রিয় মহোদয়,

সোনার বাংলা গড়ার প্রত্যয়ে ‘জাতীয় শুদ্ধাচার কৌশল’ ২০১২ সালে মন্ত্রিসভায় অনুমোদিত হয়েছে। এ কৌশলের রূপকল্প ‘সুখী-সমৃদ্ধ সোনার বাংলা’ এবং অভিলক্ষ্য ‘রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা’। এ কৌশল বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ এবং মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটি গঠিত হয়েছে। জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে নৈতিকতা কমিটি গঠিত হয়েছে এবং এ সকল প্রতিষ্ঠান শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করেছে। উক্ত কর্ম-পরিকল্পনায় অন্যান্য কর্মকাণ্ডের সঙ্গে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে।

০২। শুদ্ধাচার চর্চায় সরকারের কার্যক্রমের পাশাপাশি আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর অধীনে লাইসেন্সপ্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠানসমূহেও শুদ্ধাচার কার্যক্রমকে উৎসাহিত করার লক্ষ্যে ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা’ প্রণয়ন করা হয়েছে। এ নীতিমালা অনুসরণে আপনাদের প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় প্রণোদিত করণের লক্ষ্যে ২০১৮ সাল হতে প্রতি বছর এ পুরস্কার প্রদান করতে হবে।

সংযোজনীঃ উল্লিখিত নীতিমালাটি।

আপনাদের বিশ্বস্ত,



(এ. কে. এম. আমজাদ হোসেন)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫৩০১৭৮

আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীগণের জন্য  
'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা'



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

**আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীগণের জন্য  
'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা'**

**১। পটভূমি :**

'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ সালে মন্ত্রিসভা-বৈঠকে অনুমোদিত হওয়ার পর মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট, গেজেট ও পুস্তিকা আকারে প্রকাশ করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা'। এ কৌশল বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ এবং মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটি গঠিত হয়েছে। জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে নৈতিকতা কমিটি গঠিত হয়েছে এবং নৈতিকতা কমিটির সদস্য-সচিব শুদ্ধাচার ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করছেন। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করেছে। উক্ত কর্ম-পরিকল্পনায় অন্যান্য কর্মকাণ্ডের সঙ্গে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। শুদ্ধাচার চর্চায় সরকারের কার্যক্রমের সমান্তরালে বাংলাদেশে কার্যরত আর্থিক প্রতিষ্ঠানেও অনুরূপ কার্যক্রম পরিচালিত হওয়া সমীচীন হবে। এর ফলে আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীগণ শুদ্ধাচার কার্যক্রমে অধিকতর উৎসাহী হবেন। শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় কর্মকর্তা-কর্মচারীদের জন্য পুরস্কার প্রদানের কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে।

**২। উদ্দেশ্য :**

বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠানের নির্বাচিত কর্মকর্তা-কর্মচারীদের পুরস্কার প্রদানের উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো। এ নীতিমালা অনুসরণে আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চার নিমিত্ত প্রতি ইংরেজি পঞ্জিকা বর্ষে পুরস্কার প্রদান করতে হবে।

**৩। পুরস্কার প্রদানের ক্ষেত্র :**

প্রতিটি আর্থিক প্রতিষ্ঠান বার্ষিক ভিত্তিতে সর্বোচ্চ দুইজন কর্মকর্তা-কর্মচারীকে এ পুরস্কারের জন্য মনোনীত করতে পারবে। এ লক্ষ্যে নিম্নোক্ত দুটি ধাপে (প্রতি ধাপে সর্বোচ্চ ১টি পুরস্কার) বিবেচনা করতে হবেঃ

- ৩.১ আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী হতে পরবর্তী নিম্নতর পাঁচ ধাপের কর্মকর্তাগণ; এবং
- ৩.২ তদপরবর্তী ধাপের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

**৪। মূল্যায়ন পদ্ধতি :**

নীতিমালায় বর্ণিত সূচক (Indicator)-এর ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণে এ পুরস্কার প্রদানের জন্য কর্মকর্তা-কর্মচারী নির্বাচন করা হবে। পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করার ক্ষেত্রে নিম্নের ছকে উল্লিখিত নির্ধারিত ২০টি সূচকে মোট ১০০ নম্বর বিবেচনা করতে হবে :

ক্রমিক নং	সূচক	নম্বর	প্রাপ্ত নম্বর
১।	পেশাগত জ্ঞান ও দক্ষতা	৫	
২।	সততার নিদর্শন	৫	
৩।	নির্ভরযোগ্যতা ও কর্তব্যনিষ্ঠা	৫	
৪।	শৃঙ্খলাবোধ	৫	
৫।	সহকর্মীদের সঙ্গে আচরণ	৫	
৬।	সেবা গ্রহীতার সঙ্গে আচরণ	৫	
৭।	প্রতিষ্ঠানের বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা	৫	
৮।	সমন্বয় ও নেতৃত্ব দানের ক্ষমতা	৫	
৯।	তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা	৫	
১০।	পেশাগত, স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক নিরাপত্তা সচেতনতা	৫	
১১।	প্রতিষ্ঠানের প্রতি অংগীকার	৫	
১২।	উদ্ভাবন ও সৃজনশীলতা চর্চা	৫	
১৩।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে তৎপরতা	৫	
১৪।	সোস্যাল মিডিয়া (সামাজিক গণমাধ্যম) ব্যবহার	৫	
১৫।	তথ্যের গোপনীয়তা রক্ষা	৫	
১৬।	উপস্থাপন দক্ষতা	৫	
১৭।	প্রতিষ্ঠানের আধুনিকায়নে আগ্রহ	৫	
১৮।	অভিযোগ প্রতিকারে সহযোগিতা	৫	
১৯।	সংশ্লিষ্ট আইন ও বিধানাবলী সম্পর্কে আগ্রহ ও পরিপালনে দক্ষতা	৫	
২০।	কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রম	৫	
	<b>মোট</b>		<b>১০০</b>

#### ৫। পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ :

- ৫.১ বিবেচ্য কর্মকর্তা-কর্মচারীকে ন্যূনতম তিন বছর সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত থাকতে হবে।
- ৫.২ কোন কর্মকর্তা-কর্মচারীর গুণাবলীর সূচকের বিপরীতে প্রাপ্ত সর্বমোট নম্বরের ভিত্তিতে সেরা কর্মকর্তা-কর্মচারী হিসাবে নির্বাচন করতে হবে।
- ৫.৩ কোন কর্মকর্তা-কর্মচারীর মোট প্রাপ্ত নম্বর ন্যূনতম ৮০ না হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
- ৫.৪ সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন।
- ৫.৫ মূল্যায়নের পর একাধিক কর্মকর্তা-কর্মচারী একই নম্বর পেলে লটারির ভিত্তিতে সেরা কর্মকর্তা-কর্মচারী নির্বাচন করতে হবে।
- ৫.৬ কোন কর্মকর্তা-কর্মচারী যে কোন ইংরেজি পঞ্জিকা বর্ষে একবার শুদ্ধাচার পুরস্কার পেলে তিনি পরবর্তী ৩(তিন) ইংরেজি পঞ্জিকা বর্ষে পুনরায় পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন না।

#### ৬। শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠন :

- ৬.১ আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীর সভাপতিত্বে মানব সম্পদ বিভাগের প্রধান কর্মকর্তাসহ ন্যূনতম তিন সদস্য বিশিষ্ট কমিটি অনুচ্ছেদ নং ৩.২ এ উল্লিখিত পুরস্কারযোগ্য কর্মকর্তা-কর্মচারী নির্বাচন করবে। উক্ত কমিটি প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর বিভাগীয়/ইউনিট প্রধানের মতামত গ্রহণ করবে।
- ৬.২ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী হতে নিম্নতর দুই ধাপের কর্মকর্তাদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পর্ষদ সদস্যদের সমন্বয়ে গঠিত নির্বাহী কমিটি পুরস্কারের জন্য বিবেচনা করবে এবং অনুচ্ছেদ নং ৩.১ এ বর্ণিত অন্যান্য ধাপের কর্মকর্তাদের বিষয়ে নির্বাহী কমিটি অনুচ্ছেদ নং ৬.১ এ বর্ণিত কমিটির সুপারিশ গ্রহণ করবে। পরিশেষে নির্বাহী কমিটি অনুচ্ছেদ নং ৩.১ এ বর্ণিত কর্মকর্তা হতে একজন পুরস্কারযোগ্য কর্মকর্তা নির্বাচন করবে।
- ৬.৩ চূড়ান্তভাবে নির্বাচিত কর্মকর্তা-কর্মচারীকে পুরস্কার প্রদানের পূর্বে প্রতিষ্ঠানের পরিচালক পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে।

#### ৭। পুরস্কারের মান :

পুরস্কারের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত কর্মকর্তা-কর্মচারীকে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান পুরস্কার হিসেবে একটি করে সার্টিফিকেট এবং তাঁর এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করবে।